



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019



Answer Work Sheet - 8

Class: 3

Subject: Bengali Text (নয়নদার সঙ্গে বসন্তপুরে)

Date: 12/5/2020

১। উত্তর লেখ :-

ক) ভোর না হতেই লেখক কোথায় গিয়ে হাজির হতেন ?

উঃ) ভোর না হতেই লেখক ছিপ হাতে নদীর ধারে গিয়ে হাজির হতেন ।

খ) ছেলেবেলায় লেখক কী কী মাছ ধরতেন ?

উঃ) ছেলেবেলায় লেখক পুঁটি, চালা প্রভৃতি ছোটো ছোটো মাছ ধরতেন ।

গ) ছুটির দিনে সকালে লেখক ঘরে বসে কী করছিলেন ?

উঃ) ছুটির দিনে সকালে লেখক ঘরে বসে ঘুড়ি তৈরি করছিলেন ।

ঘ) বসন্তপুরের পিসিমার বাড়ির নীচে কোন নদী ছিল ?

উঃ) বসন্তপুরের পিসিমার বাড়ির নীচে কুন্তি নদী ছিল ।

ঙ) বসন্তপুরে লেখকের জন্য কে ছিপ কেটে আনতে গিয়েছিল ?

উঃ) বসন্তপুরে লেখকের জন্য পিসিমার ছোট ছেলে ছিপ কেটে আনতে গিয়েছিল ।

২। শূন্যস্থান পূরণ কর :-

ক) এতদূর এসে আর তো ফিরতে পারি নে ।

খ) এখন শুয়ে একটু ঘুমুক তারপরে বেলা পড়লে যাবে ।

গ) মিনিট দশেকের মধ্যেই আমরা বেরিয়ে পড়লাম ।

ঘ) আমাদের ঘুম যখন ভাঙলো তখন চারটে বেজে গেছে ।

ঙ) আমাকে ধরে জোর করে বাড়িতে নিয়ে এল ।

৩। বন্ধনী থেকে সঠিক শব্দ নিয়ে শূন্যস্থানে বসাত :-

ক) বাড়ির নীচেই কুন্তি নদী । (গঙ্গা/কুন্তি)

খ) পিসির অবস্থা সচ্ছল । (মন্দ/সচ্ছল)

গ) নিরুপায় হয়ে আমি তখন অন্য ফন্দি আঁটলাম । (বুদ্ধি/ফন্দি)

ঘ) বাঁড়শিতে টোপ গেঁথে সেগুলো ধরতাম । (বাঁড়শিতে/জালে)

ঙ) বসন্তপুর যেতে আসতে কোশ আষ্টেক পথ ছিল । (দুই/আষ্টেক) ।

৪। একটি করে সমার্থক শব্দ লেখ :-

ক) নদী = তটিনী

খ) গোরু = গাভি

গ) জল = সলিল

ঘ) রাস্তা = পথ

ঙ) দিন = দিবস

Manashi Chaudhuri